# প্রধানমন্ত্রীর সঙ্গে জাপানের প্রধানমন্ত্রীর বিশেষ উপদেষ্টার বৈঠক



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জাপানের প্রধানমন্ত্রীর বিশেষ উপদেষ্টা উনো ইয়োশিমাসা। মঙ্গলবার (২৮ জুলাই) দুপুর সাড়ে ১২টার দিকে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

সাক্ষাতে বাংলাদেশ ও জাপানের বিদ্যমান কৌশলগত অংশীদারত্ব আরও জোরদার এবং দ্বিপাক্ষিক সম্পর্ককে নতুন পর্যায়ে নেওয়ার বিষয়ে আলোচনা হয়।

বৈঠকে প্রধানমন্ত্রী মানবসম্পদ উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিতে জাপানের সহযোগিতা আরও বাড়ানোর আহ্বান জানান। জাপানি ভাষায় দক্ষতা অর্জনের মাধ্যমে বাংলাদেশ থেকে দক্ষ স্বাস্থ্যকর্মী, কৃষিশ্রমিক ও গাড়িচালক নিয়োগের উদ্যোগ নেওয়ার জন্যও তিনি জাপানি প্রতিনিধিদলের প্রতি আহ্বান জানান।

এ ছাড়া বাংলাদেশে জাপানি বিনিয়োগ বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। নারায়ণগঞ্জের আড়াইহাজারে গড়ে ওঠা শিল্প পার্কের মতো আরও একটি শিল্প পার্ক স্থাপনে জাপান আগ্রহী হলে সরকার প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতা করবে বলেও জানান তিনি। একই সঙ্গে দুই দেশের মধ্যে বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্ক আরও সম্প্রসারণে যৌথভাবে কাজ করার ওপর গুরুত্ব দেওয়া হয়।

বৈঠকে অবকাঠামো খাতের সহযোগিতা নিয়েও আলোচনা হয়। এর মধ্যে আগামী ১৬ ডিসেম্বর শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল উদ্বোধন এবং চলমান ম্যাস র‍্যাপিড ট্রানজিট (এমআরটি) প্রকল্পের অগ্রগতির বিষয়টি উঠে আসে।

LENS ASIA